



কোরআনভিত্তিক সমাজ প্রতিষ্ঠা ছাড়া স্থায়ী শান্তি সম্ভব নয়: জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশে প্রকৃত শান্তি ফিরিয়ে আনতে হলে কোরআনের আদর্শ অনুযায়ী সমাজব্যবস্থা গড়ে তুলতে হবে।

প্রচলিত ব্যবস্থাপনা বা নানা তত্ত্ব-কৌশল দিয়ে স্থায়ী শান্তি আনা সম্ভব নয় বলেও তিনি মন্তব্য করেন।

রোববার (২৩ নভেম্বর) রাজধানীর শেরেবাংলা নগরের চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত সম্মিলিত ইমাম-খতিব জাতীয় সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এ আস্থান জানান।

ডা. শফিকুর রহমান বলেন, ইমাম ও খতিবদের নেতৃত্বে নৈতিকতা-সমৃদ্ধ একটি সোনাঙ্গি সমাজ গড়ে উঠতে পারে। দেশে আইন-নীতি কোরআনের আলোকে পরিচালিত না হলে মানবিক সমাজ প্রতিষ্ঠা কঠিন। মসজিদ ব্যবস্থাপনা থেকে শুরু করে কমিটি গঠন—সবকিছুতেই ইমাম ও খতিবদের পরামর্শই হওয়া উচিত। তিনি আরো বলেন, ইমাম ও খতিবরা কারও অনুগ্রহের ওপর নির্ভরশীল হবেন—এ ধারণা ভুল।

তার ভাষায়, “যিনি মসজিদে নামাজে ইমামতি করেন, তিনিই যদি সমাজ নেতৃত্বেও আসেন, তখনই প্রকৃত মুক্তি ও শান্তির পথ উন্মুক্ত হবে।” কোরআনের সমাজ ব্যবস্থা ছাড়া শান্তি আসবে না; কোনো প্রচলিত কৌশল বা তন্ত্রমন্ত্র দিয়ে এ সংকট কাটানো যাবে না। এজন্য নবী করিম (সা.)-এর দেখানো পথেই প্রত্যাবর্তনের প্রয়োজন রয়েছে।

তিনি আরও উল্লেখ করেন, জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মুসলমানদের জীবনে ইমামদের ভূমিকা অপরিসীম। তাই সমাজের গুরুত্বপূর্ণ অভিমত ও সিদ্ধান্তও মসজিদের মিস্বার থেকেই আসা উচিত।